

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৫.২০১৫-৬৩১

তারিখঃ ১৭-১০-২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ৬৮১৩ কোডে অর্থ বরাদ্দ প্রাপ্তি ব্যতিরেকে ক্রয় প্রক্রিয়া গ্রহণ না করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিবালয় অংশে রাজস্ব বাজেটে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৬৮১৩ (যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি) কোডে বরাদ্দকৃত অর্থ দ্বারা মেডিকেল ইকুইপমেন্ট ক্রয় সংক্রান্ত বিষয়ে গত ০৪-১০-২০১৬ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বোচ্চ ২.০০ (দুই কোটি) টাকা পর্যন্ত মূল্যমানের প্রতিটি যন্ত্রপাতি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ক্রয়পূর্বক সংগ্রহ করা যাবে এবং ২.০০ (দুই কোটি) টাকার উর্ধ্ব মূল্যমানের যন্ত্রপাতি সিএমএসডি'র মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তবে সর্বোচ্চ ২.০০ (দুই কোটি) টাকা পর্যন্ত মূল্যমানের প্রতিটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি ব্যতিরেকে কোনরূপ ক্রয় কার্যক্রম গ্রহণ করা যাবে না।

০২। এমতাবস্থায়, চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে মন্ত্রণালয় হতে ৬৮১৩ কোডে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি ব্যতিরেকে কোনরূপ ক্রয় কার্যক্রম গ্রহণ করা হলে উক্ত প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৩। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হ'ল।

(রেহানা ইয়াছমিন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-----
- ৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----
- ৪। পরিচালক, সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। পরিচালক, ঢাকা ডেন্টাল কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন, জেলা/জেনারেল হাসপাতাল (সকল)-----

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।